

# 💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪২৯

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আসরের পূর্বে চার রাকআত ।

باب مَا جَاءَ فِي الأَرْبَعِ قَبْلَ الْعَصْرِ

### আরবী

حَدَّتَنَا بُنْدَارٌ، مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّتَنَا أَبُو عَامِرٍ، هُوَ الْعَقَدِيُّ عَبْدُ الْمَلِكِ بْنُ عَمْرٍو حَدَّتَنَا سُفْيَانُ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنْ عَاصِمِ بْنِ ضَمْرَةَ، عَنْ عَلِيّ، قَالَ كَانَ النَّبِيُّ صلى الله عليه وسلم يُصلِّي قَبْلَ الْعَصْرِ أَرْبَعَ رَكَعَاتٍ يَفْصِلُ بَيْنَهُنَّ بِالتَّسْلِيمِ عَلَى الْمَلاَئِكَةِ عليه وسلم يُصلِّي قَبْلَ الْعَصْرِ أَرْبَعَ رَكَعَاتٍ يَفْصِلُ بَيْنَهُنَّ بِالتَّسْلِيمِ عَلَى الْمَلاَئِكَةِ الْمُقَرَّبِينَ وَمَنْ تَبِعَهُمْ مِنَ الْمُسْلِمِينَ وَالْمُوْمِنِينَ . قَالَ أَبُو عِيسَى وَفِي الْبَابِ عَنِ ابْنِ عُمْرَ وَعَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍ و . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عَلِيّ حَدِيثٌ حَسَنٌ . وَاخْتَارَ إِسْحَاقُ بُنُ إِبْرَاهِيمَ أَنْ لاَ يُفْصَلَ فِي الأَرْبَعِ قَبْلَ الْعَصْرِ وَاحْتَجَّ بِهَذَا الْحَدِيثِ . وَقَالَ إِسْحَاقُ وَمَعْنِي التَّسْلِيمِ يَعْنِي التَّسَهُدَ . وَرَأَى الشَّافِعِيُّ وَأَحْمَدُ صَلَاةَ اللَّيْلِ وَمَعْنَى أَنَّهُ يَفْصِلُ بَيْنَهُنَّ بِالتَسْلِيمِ يَعْنِي التَّشَهُّدَ . وَرَأَى الشَّافِعِيُّ وَأَحْمَدُ صَلَاةَ اللَّيْلِ وَالْتَهَالِ مَثْنَى مَثْنَى يَخْتَارَانِ الْفَصْلُ فِي الأَرْبَعِ قَبْلَ الْعَصْرِ .

#### বাংলা

৪২৯. বুনদার মুহাম্মাদ ইবনু বাশশার (রহঃ) ..... আলী (রাঃ) থেকে বর্ণিত আছে যে, তিনি বলেনঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আসরের পূর্বে চার রাকআত (সুন্নাত) আদায় করতেন। মাঝে (তাশাহহুদ পাঠকালে) আল্লাহর মুকাররাব ফেরেশতা ও তাঁদের অনুসারী মুসলিম ও মুমিনদের উপর সালাম পেশ করতেন। - ইবনু মাজাহ ১১৬১, তিরমিজী হাদিস নম্বরঃ ৪২৯ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে ইবনু উমর ও আবদুল্লাহ ইবনু আমর রাদিয়াল্লাহু আনহুমা থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা তিরমিয়া (রহঃ) বলেনঃ আলা রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান। ইসহাক ইবনু ইবরাহীম (রহঃ) আসরের পূর্বে চার রাকআত (সুন্নাত দু'রাকআত করে) আলাদা আলাদা না করার বিষয়টিকে গ্রহণ করেছেন। তিনি আলা রাদিয়াল্লাহু আনহু বর্ণিত এই হাদীসটি প্রমাণ হিসাবে পেশ করেন। এই হাদীসে উলেমখিত ''সালাম দ্বারা এর মাঝে ব্যবধান করতেন'' কথাটির মর্ম হল তিনি দু'রাকআত-এর মাঝে তাশাহ্ছদ পাঠ করতেন। ইমাম শফিঈ ও আহমদ (রহঃ)-এর অভিমত হ'ল, রাত ও দিনের (নফল) সালাত (নামায/নামাজ) হবে দুই-দুই রাকআত করে। সুতরাং তারা আসরের পূর্বেও এই ক্ষেত্রে দু'রাকআত করে আলাদা আলাদা আদায় করা পছন্দ



করেন।

## **English**

#### Ali narrated:

"Allah's Messenger (S) would pray four Rak'ah before Al-Asr separating between them with At-Taslim upon the angels that are close (to Allah) and those who follow them among the Muslims and the believers."

### ফুটনোট

এটা পূর্বে বর্ণিত ৪২৫ নং হাদিসের বাকী অংশ।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন